**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**28 JANUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরাখন্ডের দেরাদুনে ৩৮ তম জাতীয় ক্রীড়া মহোৎসবের উদ্ভোধন করবেন । অনুষ্ঠানে আসাম অলিম্পিক সংস্থার হয়ে সম্পাদক লক্ষ্য কোওর উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে অংশ নেবেন । এবারের জাতীয় ক্রীড়া সমারোহে দেশের সব রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের খেলোয়াড়রা অংশ গ্রহণ করছেন । উল্লেখ্য এই ক্রীড়া সমারোহের আজ আনুষ্ঠানিক উদ্বোধন হলেও বিভিন্ন বিভাগের প্রতিযোগীতাগুলি ইতিমধ্যে আরম্ভ হয়ে গেছে ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মুখ্য আজ দরং এ তিনদিনব্যাপী অনুষ্ঠিত ১৩১ তম কৃষক শহীদ দিবসের তৃতীয় দিনের অনুস্টানে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়া আজকের সভায় কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন বিভাগের মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত , কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , রাজ্য সরকারের কৃষি মন্ত্রী অতুল বরা ও দরং জেলার অভিবাবক মন্ত্রী কেশব মহন্ত সহ বিশিষ্ট

ব্যাক্তিরা উপস্থিত থাকবেন । উল্লেখ্য দরং জেলার পথরুঘাট উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে তিন দিনের কৃষক শহীদ দিবসের আয়োজন করা হয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল ডিব্রুগড় জেলায় বিবেকানন্দ কেন্দ্রের আনন্দালয় নামের একটি নতুন ভবনের উদ্ভোধন করেন । উদ্ভোধনী অনুষ্টানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে চা জনগোষ্ঠী ও জনজাতি সমাজের সেবার জন্য উৎর্গিত এই আনন্দালয় ভবন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে জনজাতি সমাজকে এগিয়ে নিয়ে যাবে । এধরণের আনন্দালয় ভবনগুলি ইতিমধ্যে রাজ্যের চা বাগানের তরুণ প্রজন্ম সহ জনজাতি সমাজের প্রতি শিক্ষামূলক সেবা প্রদান করে আসছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । উল্লেখ্য রাজ্যে ২২০ টি এধরণের কেন্দ্র রয়েছে ।

---

রাজ্যের খাদ্য ও অসামরিক সরবরাহ , খনি ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন । পরে জেলা আয়ুক্তের কার্যলয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী রাই জানান যে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের উদ্যোগে তিন জেলায় ২২ হাজার ৬শ ২৩ কোটী টাকার কাজ চলছে যা আগামী ২০২৬ সালের মার্চ মাসের মধ্যে সম্পন্ন হবে । মন্ত্রী শ্রী রাই আরো জানান যে শুধুমাত্র করিমগঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালের কাজ ২০২৭

সালে শেষ করার লক্ষ্য ধার্য্য করা হয়েছে । গতকালের সভায় বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের সচিব আদিল খান ,কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব , শ্রীভূমি জেলার আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী ও হাইলাকান্দি জেলার আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম সহ বিভাগীয় আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আগামী পয়লা ফেব্রুয়ারী সংসদের বাজেট অধিবেশনে ২০২৫-২৬ অর্থবছরের বাজেট পেশ করবেন । এবারের বাজেটে দেশের অর্থনৈতিক পরিকাঠামোর উন্নয়ন , কর্মসংস্থান সৃষ্টি সহ অন্যান্য বিষয়ের ওপর আলোকপাত করা হবে বলে আশা করা হচ্ছে ।

---

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা শাখার উদ্যোগে গতকাল দক্ষিন শ্রীভূমি বিধানসভা কেন্দ্রে দলকে আরো শক্তিশালী করার লক্ষ্যে সক্রিয় সদস্য সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । সম্মেলনে রাজ্যের পশু ও পশুপালন বিভাগের মন্ত্রী কৃষেন্দু পাল মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী পাল বলেন যে সরকার বরাক উপত্যকা সহ সমগ্র রাজ্যের উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ এবং মূখ্যমন্ত্রীর নেতৃত্বে সমগ্র রাজ্যে পরিবহন ব্যবস্থার উন্নয়নে গতি এসেছে । সম্মেলনে রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস , বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিক , কর্মকর্তা শিপ্রা গুন সহ দক্ষিন শ্রীভূমি বিধানসভা কেন্দ্রের মন্ডল সভাপতি ও সদস্যরা উপস্থিত ছিলেন ।

শিলচর রাধামাধব কলেজের স্পোর্টস সেলের উদ্যোগে গতকাল থেকে কলেজের বার্ষিক ক্রীড়া সপ্তাহ পালন শুরু হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরী এই বার্ষিক ক্রিড়া উৎসবের সূচনা করেন । কলেজর ইনডোর স্টেডিয়ামে আয়োজিত পাঁচ দিনের এই ক্রীড়া উৎসবের আজ দ্বিতীয় দিন দাবা , ব্যাডমিন্টন সহ অন্যান্য খেলাগুলি অনুষ্ঠিত হবে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে আগামী ফেব্রুয়ারী মাসের প্রথম দিকে শিলচরে ২১ তম গণ বিবাহের আয়োজন করা হয়েছে । ক্লাবের পক্ষ থেকে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে যেকোন সম্প্রদায়ের আর্থিক দিক থেকে পিছিয়ে থাকা পাত্র-পাত্রীর অভিবাবককে এই সুযোগ গ্রহন করার আহ্বান জানানো হয়েছে । বিশদ বিবরন লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।